

উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

ফটিকছড়ি ইউনিয়ন

কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং-উশিঅ/কাউ/রাঙ্গা/ইউপি নির্বাচন-২১/৩১৩

তারিখঃ-১৭ অক্টোবর ২০২১খ্রিঃ

## ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০২১ অনুষ্ঠানের জন্য সময়সূচির গণবিজ্ঞপ্তি

যেহেতু, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাঙ্গামাটি কর্তৃক ১৪/১০/২০২১খ্রিঃ তারিখের স্মারক নং-১০.০৩.৮৪০০.০০০.৪১.০০৪.২১-২৯৯ মূলে নির্দেশ অনুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী রাঙ্গামাটি জেলার কাউখালী উপজেলার ফটিকছড়ি ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য সময়সূচী ধার্য করিয়া প্রজ্ঞাপন জারী করা হইয়াছে।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা-২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি মানস মুকুল চাকমা, উপজেলা শিক্ষা অফিসার এবং রিটার্নিং অফিসার, ফটিকছড়ি ইউনিয়ন।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য রাঙ্গামাটি পার্বত্য জেলার কাউখালী উপজেলার ফটিকছড়ি ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচী নির্ধারণ করিয়া গণবিজ্ঞপ্তি জারী করিতেছি।

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০২ নভেম্বর ২০২১খ্রিঃ, মঙ্গলবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৪ নভেম্বর ২০২১ খ্রিঃ, বৃহস্পতিবার
(গ)	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১১ নভেম্বর ২০২১খ্রিঃ, বৃহস্পতিবার
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	২৮ নভেম্বর ২০২১ খ্রিঃ, রবিবার

আমি আরও জানাইতেছি যে, অদ্য ১৭/১০/২০২১খ্রিঃ তারিখ হইতে ০২/১১/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত ছুটির দিনসহ সকাল ৯.০০টা হইতে বিকাল ৫.০০টা পর্যন্ত উল্লিখিত ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে পদপ্রার্থী নির্বাচনে অংশগ্রহণ করিতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয় উপজেলা শিক্ষা অফিস, কাউখালীতে মনোনয়নপত্র গ্রহণ করিতে পারিবেন।

স্থানঃ উপজেলা শিক্ষা অফিস, কাউখালী

তারিখঃ ১৭ অক্টোবর ২০২১খ্রিঃ

(মানস মুকুল চাকমা)

উপজেলা শিক্ষা অফিসার

ও

রিটার্নিং অফিসার

ফটিকছড়ি ইউনিয়ন

কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

তারিখঃ-১৭ অক্টোবর ২০২১খ্রিঃ

স্মারক নং-উশিঅ/কাউ/রাঙ্গা/ইউপি নির্বাচন-২১/৩১৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

২. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৩. আঞ্চলিক নির্বাচন অফিসার, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।

৪. পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৫. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৬. উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৭. উপজেলা নির্বাচন অফিসার, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৮. অফিসার ইনচার্জ, কাউখালী থানা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৯. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কাউখালী, রাঙ্গামাটি।

১০. সচিব, ফটিকছড়ি, কাউখালী। অত্র গণবিজ্ঞপ্তি বহল প্রচারের জন্য ১০(দশ) কপি প্রেরণ করা হইল। বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ও গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে টাংগাইয়া প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।

১১. নোটিশ বোর্ড।

উপজেলা শিক্ষা অফিসার

ও

রিটার্নিং অফিসার

কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।